4

দৈনিক ইত্তেফাক

তারিখ 25 JAN 1997 পৃষ্ঠা ৪ কলাম ৬

# পাঠ্য বই লইয়া জটিলতা

**আনোয়ার আলদীন** ।। প্রয়োজনের তুলনায় সরবরাহ অপ্রতুল হওয়ায় সারাদেশের সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলিতে বিনামূল্যে পাঠ্য বই বিতরণে জটিলতা চলিতেছে। নূতন শিক্ষাবর্ষে প্রথম মাসের শেষে আসিয়াও ক্লাস বসে নাই অনেক বিদ্যালয়ে। সরকার

( ১১শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## পাঠ্য বই নিয়া

(১ম পৃঃ পর)

প্রয়োজনের তুলনায় বিদ্যালয়গুলিতে অর্ধেক পাঠ্য বই সরবরাহ করিতেছে। অবশিষ্ট প্রয়োজনীয় অর্ধেক পুরাতন বই সংগ্রহ করিয়া নূতন বইয়ের সহিত মিলাইয়া বিতরণ করিতে বলা হইয়াছে। কিন্তু ছাত্র-ছাত্রীরা এই পুরাতন বই গ্রহণের অনীহা প্রকাশ করিতেছে। জানা গিয়াছে, পরীক্ষা শেষে বিতরণের উদ্দেশ্যে ছাত্র-ছাত্রীদের নিকট হইতে স্কুল কর্তৃপক্ষ যে পুরাতন পাঠ্য বই জমা নিয়াছে উহার অধিকাংশই পড়ার অনুপযোগী। শতকরা ৯০ ভাগ বইয়ের পাতা নষ্ট হইয়া গিয়াছে। কোন কোন বইয়ের পাতা নষ্ট এবং ছিঁড়া। প্রাথমিক বিদ্যালয়ের প্রথম হইতে পঞ্চম শ্রেণীর কোমল মতি ছাত্র ছাত্রীরা এই ছিঁড়া ফাটা বই গ্রহণে অস্বীকৃতি জানাইতেছে। তাহারা নূতন বই চায়।

এদিকে অনেক বিদ্যালয়ে শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচী চালু থাকার ফলে গত বছরের তুলনায় চলতি বছর ছাত্র-ছাত্রী সংখ্যা বাড়িয়া গিয়াছে। কিন্তু সরকার বিদ্যালয়গুলিতে পূর্ব বছরের শিক্ষার্থী সংখ্যার হিসাব অনুযায়ী পাঠ্য বই সরবরাহ করিতেছে। ফলে জটিলতা চরমে পৌছিতেছে।

খোঁজ নিয়া জানা গিয়াছে, দেশের অধিকাংশ প্রাথমিক বিদ্যালয়ে সরকার 'বাংলা' এবং 'পরিবেশ পরিচিতি' পাঠ্য বই সরবরাহ করিতেছে অন্যান্য বই এখনো অনেক স্কুলে পৌছে নাই। তবে খোলা বাজারে প্রাথমিক বিদ্যালয়ের বিনা বই মূল্যের সর্বত্র পাওয়া যাইতেছে।